ঢাকায় আসছেন দক্ষিণ এশিয়ার ৪ শীর্ষ নেতা

ঢাকা সফরে আসছেন দক্ষিণ এশিয়ার চার শীর্ষ নেতা। নেপালের রাষ্ট্রপতি বিদ্যা দেবী ভান্ডারি ও মালদ্বীপের রাষ্ট্রপতি ইবরাহিম মোহামেদ সলিহ এবং ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ও শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী মাহিন্দা রাজাপাকসে চলতি মাসেই ঢাকায় আসবেন।

বুধবার সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে গঠিত নিরাপত্তা বিষয়ক উপকমিটির সভা শেষে কমিটির আহ্বায়ক ও স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল এ তথ্য জানিয়েছেন।

তিনি বলেন, বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে জাতীয় প্যারেড গ্রাউন্ডে আগামী ১৭ থেকে ২৬ মার্চ পর্যন্ত ১০ দিনব্যাপী ধারাবাহিকভাবে অনুষ্ঠানের আয়োজন করা হবে। অনুষ্ঠানে দুটি দেশের রাষ্ট্রপতি ও দুটি দেশের প্রধানমন্ত্রী উপস্থিত থাকবেন।

অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শাহরিয়ার আলম জানান, বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকীর অনুষ্ঠানে এখন পর্যন্ত ভারত ও শ্রীলঙ্কার প্রধানমন্ত্রী এবং নেপাল ও মালদ্বীপের রাষ্ট্রপতির সফরে আসার কথা রয়েছে।

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান বলেন, বিদেশি কূটনীতিকদের অনুষ্ঠানে অংশগ্রহণের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে। বিদেশি অতিথিদের যাতায়াতে এবং যেসব হোটেলে তারা অবস্থান করবেন, সেগুলোর ভেতরে ও বাইরে প্রয়োজনীয় নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হবে। সব অনুষ্ঠানে গোয়েন্দা নজরদারি থাকবে। অনুষ্ঠানস্থলে অ্যাম্বুলেন্স ও ফায়ার সার্ভিস রাখা হবে। সঙ্গে জরুরি মেডিকেল সাপোর্টও রাখা হবে।

জাতীয় প্যারেড গ্রাউন্ডে সার্বিক নিরাপত্তা ব্যবস্থা সমন্বয়ের জন্য একটি কন্ট্রোল রুম থাকবে জানিয়ে তিনি বলেন, অনুষ্ঠানস্থলে সব ধরনের ইউটিলিটি সেবাও থাকবে। এছাড়া মশক নিধনের ব্যবস্থাও করা হবে।

অনুষ্ঠান চলাকালে যানজট এড়াতে কী পরিকল্পনা নেওয়া হয়েছে- এমন প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, আমাদের পুলিশ প্রধানসহ নিরাপত্তা বাহিনী এটা নিয়ে কাজ করবে। তারা অনুষ্ঠানের আগে সুনির্দিষ্টভাবে জানিয়ে দেবে কীভাবে যান চলাচল করবে, কোন রাস্তা কতক্ষণের জন্য বন্ধ থাকবে।

অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উদযাপন জাতীয় বাস্তবায়ন কমিটির প্রধান সমন্বয়ক কামাল আবদুল নাসের চৌধুরী, জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, পুলিশ মহাপরিদর্শক বেনজীর আহমেদসহ অন্যান্য কর্মকর্তারা।

যুক্তরাষ্ট্রকে বাংলাদেশে ট্রেন কারখানা বানানোর আহ্বান

রেলমন্ত্রী মো. নূরুল ইসলাম সুজন বাংলাদেশে ট্রেনের যাত্রীবাহী কোচ ও লোকোমোটিভ (ইঞ্জিন) কারখানা নির্মাণে যুক্তরাষ্ট্রকে আহ্বান জানিয়েছেন। এছাড়া রেলের ডাবল লাইন নির্মাণে যুক্তরাষ্ট্রের সহযোগিতা চেয়েছেন মন্ত্রী। এজন্য তিনি যুক্তরাষ্ট্রের ব্যবসায়িক প্রতিনিধি দল বাংলাদেশে রেলওয়েতে বিনিয়োগের বিভিন্ন ক্ষেত্র খতিয়ে দেখতে বলেছেন।

মার্কিন যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূত আর্ল রবার্ট মিলার বুধবার রেলভবনে মন্ত্রীর সঙ্গে সাক্ষাৎ করতে গেলে তিনি এ আহ্বান জানান। মন্ত্রী এ সময় মার্কিন রাষ্ট্রদূতের কাছে বাংলাদেশের রেলওয়ের অবকাঠামো সমস্যা তুলে ধরেন।

যুক্তরাষ্ট্র থেকে ট্রেনের ৪০টি লোকোমোটিভ (ইঞ্জিন) বাংলাদেশে আনা হচ্ছে।পাঁচ ধাপে এসব দ্রুতগতির ইঞ্জিন আসবে। ইতোমধ্যে প্রথম ধাপে ৮টি ইঞ্জিন দেশে এসে পৌঁছেছে।

এসব ইঞ্জিন চালানোর দক্ষ জনবল তৈরি করতে প্রশিক্ষণের ব্যবস্থা ও যুক্তরাষ্ট্রের উন্নত প্রযুক্তি বাংলাদেশের রেলওয়েতে কীভাবে যুক্ত করা যায়- যুক্তরাষ্ট্রকে সেটি দেখার আহ্বান জানান

রেলমন্ত্রী।

সভায় উপস্থিত ছিলেন রেলপথ মন্ত্রণালয়ের সচিব মো. সেলিম রেজা, বাংলাদেশ রেলওয়ে মহাপরিচালক ধীরেন্দ্র নাথ মজুমদারসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা ও ঢাকায় মার্কিন দূতাবাসের ইকোনোমিক অফিসার জেফরি ডির্কস।

এবার মিষ্টির বাজারেও ‘খেলা হবে’

এবারের বিধানসভা নির্বাচনে পশ্চিমবঙ্গের সবচেয়ে হিট স্লোগান তৃণমূলের ‘খেলা হবে’। তারপরেই বিজেপির ‘জয় শ্রীরাম’। গানে গানে, রিংটোনে সবখানেই এখন এই দুই স্লোগান।

রাজনীতির চৌকাঠ পেরিয়ে সোজা ঢুকে পড়েছে মিষ্টির বাজারেও। ভোটের বাজারের এই পাল্টাপাল্টি স্লোগানকে পুঁজি করেই রমরমা ব্যবসা করছেন পশ্চিমবঙ্গের মিষ্টি ব্যবসায়ীরা।

কলকাতা, বর্ধমান, হুগলি, চব্বিশ পরগনা, উত্তরবঙ্গের মহর গ্রামের সব দোকানেই এখন ‘খেলা হবে’-‘জয় শ্রীরাম’ মিষ্টি-সন্দেশের সয়লাব। খবর নিউজি এইটিনের।

কলকাতার প্রসিদ্ধ মিষ্টির দোকান বলরাম মল্লিক ও রাধারমণ মল্লিকের শোকেসে এবার সেজেছে ‘খেলা হবে’-‘জয় শ্রীরাম’ সন্দেশে। রাজনীতির মাঠে পরস্পর প্রতিপক্ষ হলেও শোকেসে তারা পাশাপাশি। সাদা-সবুজ মেজাজে ‘খেলা হবে’ সন্দেশ।

আর ‘জয় শ্রীরাম’ মিষ্টির চেহারা সাদা-কমলা। এখানেই শেষ নয়, ভোট উৎসবের কথা মাথায় রেখে বানানো হয়েছে সব দলের প্রতীকের সাজে সাজানো মিষ্টি। সেগুলো মূলত সন্দেশ। সরাসরি রাজনীতির গন্ধ লাগা

এই সন্দেশের কোনোটিতে থাকছে মমতা ব্যানার্জির মুখ। কোনোটিতে হাসিমুখে হাজির হচ্ছেন নরেন্দ্র মোদি।

হুগলির বিখ্যাত ফেলু মোদকে ইতিমধ্যেই সুপার হিট ‘খেলা হবে’ সন্দেশ। সেখানে চকলেট, স্ট্রবেরি ও ম্যাংগো স্বাদের সঙ্গে মিলেছে সাদা নরম সন্দেশ। একএকটির দাম ৪০ থেকে ১০০ টাকা। চাহিদাও অনেক। লাইন দরে কিনছেন খদ্দেররা।

এখানকার কর্ণধার অমিতাভ দে’র কথায়, আমরা দারুণ সাড়া পাচ্ছি এই সন্দেশে। খেলা হবে কথাটি এখন পুরোদস্তুর রাজনৈতিক। তাতে মেশানো আছে উচ্ছ্বাস, মজা। নতুন প্রজন্ম তাই এই সন্দেশে মজেছে।

হাজিরা দিয়ে বের হয়ে নিখোঁজ বাচ্চুর লাশ মিলল ধানক্ষেতে

আদালতে হাজিরা দিতে বাড়ি থেকে বের হয়ে নিখোঁজ হওয়ার পরদিন বাচ্চু গাজীর (৩৮) লাশ মিলল ধানক্ষেতে। বুধবার সকালে যশোর শহরতলীর খোলাডাঙ্গা মুন্সিপাড়ার একটি ধানক্ষেতে তার রক্তাক্ত লাশ পাওয়া যায়।

পুলিশ লাশ উদ্ধার করে যশোর জেনারেল হাসপাতাল মর্গে পাঠিয়েছে। মঙ্গলবার গভীর রাতে বাচ্চু গাজী হত্যার শিকার হন বলে পুলিশের ধারণা।

নিহত বাচ্চু গাজী যশোর সদর উপজেলার বাউলিয়া হামিদপুর গ্রামের রবিউল গাজীর ছেলে। পেশায় তিনি লেদমিস্ত্রি ছিলেন।

নিহতের স্ত্রী সালমা বেগম সাংবাদিকদের বলেন, আমার স্বামীর নামে মণিরামপুর থানায় একটি হত্যা মামলা রয়েছে। ওই মামলাটি ষড়যন্ত্রমূলক। মঙ্গলবার ওই মামলায় আদালতে হাজিরা দিতে বাড়ি থেকে বের হন। এরপর আর বাড়ি ফিরে যায়নি। বুধবার সকালে লোক মারফত তাকে হত্যার খবর পাই।

তিনি আরও বলেন, আমি নাম বলতে পারব না। তবে বাচ্চুকে যারা হত্যা মামলায় জড়িয়েছে তারা তার খুব কাছের বন্ধু। তারা একাধিকবার তাকে হত্যার হুমকিও দিয়েছে। এ হত্যাকাণ্ডের সঙ্গে বাচ্চুর বন্ধুরা

জড়িত থাকতে পারে।

কোতোয়ালি থানার ওসি তাজুল ইসলাম বলেন, বুধবার সকালে ধানক্ষেত থেকে বাচ্চু গাজী নামে এক ব্যক্তির লাশ উদ্ধার করা হয়েছে। লাশের জামার পকেট থেকে তার জাতীয় পরিচয়পত্র ও একটি হত্যা মামলার রিকল (আদালত কর্তৃক জামিন সংক্রান্ত আদেশের কপি) পাওয়া যায়।

তিনি জানান, জাতীয় পরিচয়পত্র অনুযায়ী তার নাম বাচ্চু গাজী। ময়নাতদন্তের জন্য লাশ হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। হত্যাকাণ্ডে জড়িতদের শনাক্ত কিংবা গ্রেফতার এখনো সম্ভব হয়নি। এ ব্যাপারে পুলিশ তদন্ত করছে।

তিনি আরও বলেন, বাচ্চু তার শ্বশুরবাড়ি শহরতলীর সন্ন্যাসী দীঘিরপাড় এলাকায় থাকতেন। ধারণা করা হচ্ছে মঙ্গলবার গভীর রাতে এ হত্যাকাণ্ড ঘটানো হয়েছে।

করোনা টিকা নিয়েছেন রাষ্ট্রপতি আবদুল হামিদ

করোনাভাইরাসের টিকা নিয়েছেন রাষ্ট্রপতি মো. আবদুল হামিদ। বুধবার বিকালে তিনি টিকার প্রথম ডোজ নেন।

এর আগে গত ৪ মার্চ প্রধানমন্ত্রী শেখ হাসিনা করোনাভাইরাসের টিকার প্রথম ডোজ নিয়েছেন। গত ২৪ ফেব্রুয়ারি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ছোট মেয়ে ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার বোন শেখ রেহানা করোনাভাইরাসের টিকা নেন।

গত ২৮ জানুয়ারি রাজধানীর পাঁচটি হাসপাতালে প্রথমবারের মতো করোনার টিকা দেওয়া শুরু হয়। পরে গত ৭ ফেব্রুয়ারি দেশব্যাপী গণটিকাদান কার্যক্রম শুরু হয়।

ইতোমধ্যেই অনেক বিশেষ ব্যক্তি ও মন্ত্রীরাও কোভিড-১৯ ভ্যাকসিনের প্রথম ডোজ নিয়েছেন।

দেশব্যাপী এক হাজার পাঁচটি কেন্দ্রে করোনার টিকা দেওয়া হচ্ছে।

নদী সাঁতরে ইতালি ঢুকতে গিয়ে প্রাণ গেল ২ বাংলাদেশির

নদী সাঁতরে ইতালি ঢুকতে ক্রোয়েশিয়ায় অতিরিক্ত শীতে দুই বাংলাদেশি যুবকের মৃত্যু হয়েছে।

মঙ্গলবার রাতে ক্রোয়েশিয়ায় সীমান্তবর্তী একটি নদী সাঁতার দিয়ে ওপারে ইতালি যাওয়ার পথে অতিরিক্ত শীতে তারা মৃত্যুবরণ করেন। এ ঘটনা দেশ-বিদেশে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হয়েছে।

নিহত রাজু আহমদ (২২) সুনামগঞ্জের ছাতক উপজেলার উত্তর খুরমা ইউনিয়নের সেওতরপাড়া গ্রামের হাজি মাসুক মিয়ার ছেলে এবং রিহান আহমদ (২২) জাউয়াবাজার ইউনিয়নের পাইগাঁও গ্রামের গয়াছ মিয়ার ছেলে।

এদিকে সুনামগঞ্জের ছাতকে তাদের নিহতের খবর পৌঁছলে দুটি পরিবারেই ইউরোপের স্বপ্ন কান্নায় পরিণত হয়। তাদের বাড়িতে মা-বাবা ও আত্মীয়স্বজনরা বিলাপ করছেন বলে জানা গেছে।

এ ব্যাপারে জাউয়াবাজারে ব্যবসায়ী মাওলানা কারি জুনায়েদ আহমদ জানান, তাদের বসনিয়া থেকে ইতালি যাওয়ার কথা। তবে পথে ক্রোয়েশিয়ায় সীমান্তবর্তী একটি নদী সাঁতরে ওপারে যাওয়ার পথে অতিরিক্ত ঠাণ্ডায় তাদের মৃত্যু হয়।

এদিকে ইতালি প্রবাসী আনোয়ার হোসেন রানাও এ তথ্য নিশ্চিত করেছেন।

এ ছাড়া দুটি শোকাহত পরিবারকে সমবেদনা জানিয়েছেন ছাতক প্রেসক্লাবের সভাপতি গিয়াসউদ্দিন তালুকদার, সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন রনি, সহসম্পাদক আমিনুল ইসলাম হিরণ প্রমুখ।

399
Shares

facebook sharing buttonmessenger sharing buttontwitter sharing buttonpinterest sharing button

পাকিস্তানে তুরস্কের সামরিক হেলিকপ্টার বিক্রি আটকে দিল যুক্তরাষ্ট্র

পাকিস্তানের কাছে দেশীয় প্রযুক্তিতে নির্মিত ৩০টি অ্যাটাক হেলিকপ্টার সরবরাহে তুরস্ককে বাধা দিয়েছে যুক্তরাষ্ট্র। সামরিক বাহিনীকে ব্যবহৃত এই হেলিকপ্টার যেকোনো আবহাওয়ায় হামলা চালাতে সক্ষম।

সোমবার তুর্কি প্রেসিডেন্টের মুখপাত্র ইব্রাহীম কালিন সাংবাদিকদের বলেন, পাকিস্তানের কাছে তুর্কি হেলিকপ্টার বিক্রয় আটকে দিয়েছে যুক্তরাষ্ট্র। এখন এ ধরনের অস্ত্র কিনতে প্রতিবেশী চীনের দিকে ঝুঁকতে পারে ইসলামাবাদ।

ওয়াশিংটনের কূটনৈতিক সূত্রের বরাতে ডন অনলাইন ও ব্লুমবার্গ নিউজ এমন খবর দিয়েছে।

জোড়া ইঞ্জিন, জোড়া আসন, বহু ধরনের ভূমিকা পালন ও সব ধরনের পরিস্থিতিতে হামলায় সক্ষম অ্যাটাক টি-১২৯ হেলিকপ্টার। এ বিমানের ইঞ্জিন যুক্তরাষ্ট্রের নির্মিত।

ইব্রাহীম কালিন বলেন, পাকিস্তানের কাছে তুরস্ককে অস্ত্র বিক্রি করতে না দেওয়ায় মার্কিন স্বার্থই ক্ষতিগ্রস্ত হবে। কারণ পাকিস্তান এখন এসব অস্ত্র সংগ্রহে চীনের দিকে ঝুঁকবে।

২০১৮ সালের জুলাইয়ে তুরস্কের হেলিকপ্টার গানশিপ ক্রয়ে ১৫০ কোটি ডলারের চুক্তি করে পাকিস্তান। কিন্তু ইঞ্জিনের জন্য লাইসেন্স দিতে পেন্টাগন অস্বীকার করলে সরবরাহের তারিখ পিছিয়ে যায়।

মার্কিন নিষেধাজ্ঞার প্রভাব নিয়েও কথা বলেন তুর্কি প্রেসিডেন্ট

রিসেপ তাইয়েপ এরদোগানের এই মুখপাত্র। তিনি বলেন, ওয়াশিংটন প্যাট্রিয়ট আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা হস্তান্তরে অস্বীকার করায় রাশিয়ার কাছ থেকে এস-৪০০ কিনতে বাধ্য হয়েছে তুরস্ক।

এর আগে ২০১৯ সালের আগস্টেও তুর্কি অস্ত্র ক্রয় আটকে দিয়েছিলেন তখনকার মার্কিন প্রেসডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

আলমডাঙ্গায় ভয়াবহ অগ্নিকান্ড, ২ লক্ষাধিক টাকার ক্ষতির আশংকা

আলমডাঙ্গায় গভীর রাতে বসতবাড়িতে ভয়াবহ অগ্নিকান্ড। ফায়ার সার্ভিস পৌঁছানোর আগেই অসহায় দুই পরিবারের বসতবাড়ি পুড়ে ভস্কিভূত হয়েছে।

অগ্নিকান্ডের ঘটনাটি আজ মঙ্গলবার (৯ মার্চ) দিবাগত রাত সাড়ে ১২ টার দিকে উপজেলার অভয়নগর গ্রামে ঘটেছে। এ ঘটনায় ১ টি ছাগলসহ প্রায় ২ লক্ষাধিক টাকার মালামাল ক্ষতি হয়েছে।

জানাগেছে, আলমডাঙ্গা উপজেলার জামজামি ইউনিয়নের অভয়নগর গ্রামের দিন মজুর কফিল উদ্দিনের স্ত্রী রাতে রান্না শেষে চুলায় খড়ি শুকাতে দেয়।

খড়ি শুকাতে দিয়েই ঘটে বিপত্তি। রাতেই ওই খড়িতে অগ্নিকান্ডের ঘটনা ঘটে। মুহুর্তে ছড়িয়ে পড়ে পাশে মাচাল দেওয়া বিচালিতে ও খড়ির গাদায়।

ত্রিব্য আগুনের কালো ধোঁয়াই চারিদিক আচ্ছন্ন হয়ে পড়ে। এলাকার সাধারণ লোকজন ছুটে আসে আগুন নেভানোর কাজে। ঘন্টা ব্যাপি আগুন নেভানোর চেষ্টা চালালেও নিয়ন্ত্রণ আনতে অপরাগত হয়ে পড়ছিলো এলাকাবাসী।

পরে, আলমডাঙ্গা ফায়ার সার্ভিসে খবর দেয়। তাদের গতিময়তার কারণে ইতো মধ্যে আগুন ছড়িয়ে পড়ে সহর আলির ছেলে কালাম এর বাড়িতে। আগুনে পুড়ে যায় একটি ছাগল সহ ঘরের বিভিন্ন আসবাবপত্র। আগুনে লণ্ডভণ্ড

হয়ে যায় ঘরের টিন ও বৈদ্যুতিক মিটার।

এ অগ্নিকান্ডের ঘটনায় ইউপি সদস্য আরিফুল ইসলাম জানান, গভির রাতে চুলা থেকে অগ্নিকান্ডের ঘটনাটি ঘটে। এ অগ্নিকান্ডের কারণে ২ টি অসহায় পরিবারের তিনটি ঘর পুড়ে ভস্কিভূত হয়েছে। আমিসহ এলাকাবাসী ঐক্যবদ্ধ ভাবে আগুন নিভিয়ে ফেলেছি। তবে, অসহায় পরিবারে আগুনের কারণে আনুমানিক প্রায় ২ লক্ষাধিক টাকার ক্ষতির আশঙ্কা করা হচ্ছে।

মার্চেই উদ্বোধন করবেন পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র-প্রধানমন্ত্রী

গোটা দক্ষিণাঞ্চলে চলমান বেশ কয়েকটি মেগা প্রকল্পের মধ্যে অন্যতম কলাপাড়া উপজেলার রাবনাবাদ নদের তীরে ‘১৩২০ মেগাওয়াট পায়রা তাপবিদ্যুৎ কেন্দ্র।’ প্রধানমন্ত্রী শেখ হাসিনা চলতি মার্চ মাসে এটি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। নানা মহলের সমালোচনার মুখে টানা চার বছরের অক্লান্ত পরিশ্রমে হাজার একর জমিতে গড়ে ওঠে দৃষ্টিনন্দন এই মেগা প্রকল্পটি। এই প্রকল্পে ব্যয় হয়েছে ২.৪ বিলিয়ন ইউএস ডলার। বাংলাদেশি টাকায় প্রায় ২১ হাজার কোটি টাকা।

২০২০ সালের ৮ ডিসেম্বর থেকে বাণিজ্যিকভাবে ১৩২০ মেগাওয়াট বিদ্যুৎ উৎপাদন শুরু করেছে কর্তৃপক্ষ। কিন্তু পদ্মা নদীর উত্তর পারের সঞ্চালন লাইন নির্মাণ না হওয়ায় মাত্র ৬২২ মেগাওয়াট উৎপাদিত বিদ্যুৎ শুধু দক্ষিণবঙ্গের জাতীয় গ্রিডে সরবরাহ হচ্ছে। গোপালগঞ্জ থেকে ঢাকার আমিনবাজার পর্যন্ত সঞ্চালন লাইন নির্মাণ হলে উৎপাদিত শতভাগ বিদ্যুৎ বাণিজ্যিকভাবে সরবরাহের সম্ভাবনা রয়েছে। চলতি বছরের ডিসেম্বরের মধ্যে এই সঞ্চালন লাইন চালু না হলে কঠিন লোকসানের মুখে পড়বে প্রকল্পটি। চলমান এই পরিস্থিতিতে এ মাসেই এটি উদ্বোধনের ঘোষণা দেওয়া হয়েছে।

পায়রা তাপবিদ্যুৎ প্রকল্পের নির্বাহী প্রকৌশলী (পূর্ত) মো. রেজওয়ান ইকবাল খান যুগান্তরকে জানান, ২০২০ সালের ৮ ডিসেম্বর থেকে

উৎপাদিত ৬২২ মেগাওয়াট বিদ্যুৎ বাণিজ্যিকভাবে দক্ষিণবঙ্গের জাতীয় গ্রিডে যুক্ত হয়েছে। এর আগে গোপালগঞ্জ থেকে পায়রাবন্দর পর্যন্ত ১৬০ কিলোমিটার সঞ্চালন লাইন নির্মাণ করে চালু করা হয়। গোপালগঞ্জের গ্রিড থেকে ঢাকার আমিনবাজার পর্যন্ত সঞ্চালন লাইন নির্মাণ কাজ আগামী ডিসেম্বরের মধ্যে শেষ হওয়ার কথা রয়েছে। পদ্মায় রিভার ক্লোসিং লাইন নির্মাণে প্রতিবন্ধকতা সৃষ্টি হয়েছে। সেটি হলেই এর নির্মাণ শেষ হবে।

অতি সম্প্রতি সরেজমিন দেখা যায়, চলমান করোনা পরিস্থিতির মধ্যেও স্বাস্থ্যবিধি মেনে প্রকল্পে এক হাজার চীনা শ্রমিক-কর্মকর্তা ও আড়াই হাজার দেশি শ্রমিক নিয়মিত কাজ করছেন। যদিও এর আগে জনবলের সংখ্যা বেশি ছিল। ফলে নির্দিষ্ট সময় বিদ্যুৎ উৎপাদন সক্ষম হয়েছে। তাদের মতে, এখানে প্রতিদিন প্রায় ২৯ কোটি ৬ লাখ লিটার পানি প্রয়োজন হয়। যার ৯৫ ভাগ দ্বিতীয়বার শোধন করে প্রকল্পে ব্যবহার করা হয়। এ প্রসঙ্গে পায়রা তাপবিদ্যুৎ প্রকল্পের সহকারী প্রকৌশলী সাইম রহমান জানান, বিদেশি শ্রমিকসহ কর্মকর্তারা বাংলাদেশিদের সঙ্গে একযোগে কাজ করছেন। ফলে সময়মতো বিদ্যুৎ উৎপাদন সম্ভব হয়েছে।

পায়রা ১৩২০ মেগাওয়াট তাপবিদ্যুৎ প্রকল্পের ব্যবস্থাপনা পরিচালক ইঞ্জিনিয়ার খোরসেদুল আলম যুগান্তরকে জানায়, কয়লাভিত্তিক এ বিদ্যুৎ কেন্দ্রের জন্য প্রতিদিন দরকার হচ্ছে ১৩ হাজার টন কয়লা। যা ইন্দোনেশিয়া ও অস্ট্রেলিয়া থেকে সরাসরি বন্দরের নিজস্ব টার্মিনালে ভিড়ছে। কয়লা ব্যবহারে পরিবেশ বিপর্যয়ের হাত থেকে রক্ষার জন্য এখানে সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে। আছে শ্রমিকদের জন্য ব্যাপক নিরাপত্তার ব্যবস্থাও।

ধানখালী ইউপি চেয়ারম্যান মো. রিয়াজ তালুকদার বলেন, নানা মহল থেকে যে রকম আশঙ্কার কথা শোনা গেছে তার সিকিভাগও নেই। স্থানীয়দের ধারণা ছিল বিদ্যুতের ধোঁয়ায় গোটা এলাকা আচ্ছন্ন হবে কিন্তু বাস্তবে তা হয়নি। তাছাড়া গত এক বছরে এখানকার কোনো গাছপালার পাতার বন এ পর্যন্ত রদবদল হয়নি। এলাকার একাধিক ব্যক্তিরা যুগান্তরকে জানায়, প্রকল্প নিয়ে সরকারবিরোধী মহল যে প্রোপাগান্ডা ছড়িয়েছিল, তা আদৌ সত্য নয়। আশা করি, এ অঞ্চলের পরিবেশ স্বাভাবিক থাকবে।

পায়রা তাপবিদ্যুৎ প্রকল্পের প্রকল্প পরিচালক (প্রধান প্রকৌশলী) শাহ্ আব্দুল মওলা (হেলাল) যুগান্তরকে জানায়, ৬৬০ মেগাওয়াট

বিদ্যুৎ উৎপাদনের জন্য প্রতিদিন সাড়ে ৬ হাজার টন কয়লা দরকার। রাবনাবাদ চ্যানেলে ক্যাপিটাল ড্রেজিং করায় পুনরায় আশার আলো দেখছেন তাপবিদ্যুৎ কর্তৃপক্ষ।

ক্যান্সার আক্রান্ত মায়ের চিকিৎসায় খেলার অনুমতি পাচ্ছেন শাহাদাত

ক্যান্সার আক্রান্ত মায়ের চিকিৎসায় অনেক টাকা প্রয়োজন জাতীয় দলে ‘সাবেক’ হয়ে যাওয়া তারকা পেসার শাহাদাত হোসেনের। মায়ের চিকিৎসার জন্য টাকা জোগাড় করতে ক্রিকেটে ফেরার আর্জি করেছিলেন শাহাদাত।

মানবিক দিক বিবেচনা করে জাতীয় দলের এ তারকা ক্রিকেটারকে সব ধরনের নিষেধাজ্ঞা থেকে মুক্তি দিতে যাচ্ছে বাংলাদেশ ক্রিকেট বোর্ড (বিসিবি)।

এ ব্যাপারে বিসিবির ক্রিকেট পরিচালনা বিভাগের চেয়ারম্যান আকরাম খান সোমবার বলেছেন, গত বছর জাতীয় লিগ চলার সময় শাহাদা শৃঙ্খলা ভঙ্গ করেছিল। ক্রিকেট বোর্ড ওকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ করে। কিছুদিন আগে ও আমাকে ফোন করেছে। চিঠিও দিয়েছে। নিজের সমস্যার কথা জানিয়েছে। তার মায়ের ক্যান্সার। সে ক্রিকেট খেলতে পারছে না। তার বিষয়টি বিবেচনা করে আমি কয়েকজন পরিচালকের সঙ্গে কথা বলেছি। সবাই ইতিবাচক সাড়া দিয়েছেন। আমরা শৃঙ্খলা কমিটির চেয়ারম্যানকে অনুরোধ করেছি। আশা করছি ইতিবাচক কিছুই হবে। শাহাদাত যেন এবারের এনসিএল থেকে পুরো ঘরোয়া ক্রিকেট খেলতে পারে সেই আশা করছি।

গত জাতীয় ক্রিকেট লিগের (এনসিএল) ম্যাচ চলাকালীন সতীর্থ আরাফাত জুনিয়রের গায়ে হাত তুলে সব ধরনের ক্রিকেট থেকে পাঁচ বছরের জন্য নিষিদ্ধ হন শাহাদাত। সেই সঙ্গে তাকে নগদ তিন লাখ টাকা জরিমানা গুনতে হয়।